

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৩৭৭৯
আগরতলা, ১৪ মার্চ ২০১৮

প্রোটোম স্পীকার ঃ শপথ নিলেন রতন চক্রবর্তী

আজ রাজভবনে এক অনুষ্ঠানে ত্রিপুরা বিধানসভার প্রোটোম স্পীকার হিসেবে শপথ নিলেন রতন চক্রবর্তী। আজ সকালে তাঁকে শপথ বাক্য পাঠ করান রাজ্যপাল তথাগত রায়। শপথ গ্রহণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, উপ মুখ্যমন্ত্রী যীষু দেববর্মা, রাজস্ব ও মৎস্য মন্ত্রী নরেন্দ্র চন্দ্র দেববর্মা, আইন, শিক্ষা ও সংখ্যালঘু সহ অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ, কৃষি, পরিবহণ, পর্যটন দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বন ও উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী মেবার কুমার জমাতিয়া, মুখ্যসচিব সঞ্জীব রঞ্জন ও পুলিশ মহানির্দেশক অখিল কুমার শুক্লা প্রমুখ উপস্থিত ছিলেন।

শপথগ্রহণ শেষে সাংবাদিকদের সাথে আলোচনাকালে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, রাজ্য প্রশাসনে অনেক দক্ষ কর্মচারী ও নানা স্তরের আধিকারিকরা রয়েছেন। রাজ্যের প্রকৃত বিকাশে তারা আরো একনিষ্ঠ হয়ে ও যে কোন রাজনৈতিক দলের দ্বারা প্রভাবিত না হয়ে জনগণের উন্নয়নে সঠিকভাবে কাজ করবেন বলে আশা প্রকাশ করেন।
